

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৪
শান্তিরবাজার, ২৪ মে, ২০২৩

মুখ্যমন্ত্রী রাবার মিশন

জোলাইবাড়ি ও বকাফা ব্লকে ১৪টি জনজাতি পরিবারকে সহায়তা

শান্তিরবাজার মহকুমার জোলাইবাড়ি ও বকাফা ব্লকে ১৪টি জনজাতি পরিবারকে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে সহায়তা দেওয়া হবে। এতে এই দুই ব্লকের ৯ হেক্টর জমি রাবার চাষের আওতায় আসবে। আজ শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক কার্যালয়ে এক সভায় একথা জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন জনজাতি কল্যাণ (টিআরপি এন্ড পিটিজি) মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। সভায় জনজাতি কল্যাণ মন্ত্রী বলেন, রাবার চাষ করতে আগ্রহী জনজাতি অংশের পরিবারগুলিকে রাবার বাগান করে দেওয়ার জন্য অগ্রাধিকার দিতে হবে। মহকুমার বকাফা ও জোলাইবাড়ি ব্লকে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে ৮০ হেক্টর জমি রাবার চাষের আওতায় আনা হবে। এজন্য সুবিধাভোগীদের নির্বাচন করে দ্রুত কাজ শুরু করার জন্য তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। সভায় শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, বকাফা ব্লকের বিডিও ধৃতিশেখর রায়, জোলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ বৈঠকে উপস্থিত ছিলেন।
